## তথ্য কমিশনে ১৫-০৪-২০১৮ তারিখের শুনানীর ফলাফল

তথ্য কমিশন আদালতে আজ ১১ টি অভিযোগের শুনানীশেষে ০৮ টি অভিযোগের নিষ্পত্তি করা হয়, ০১ টি অভিযোগের পরবর্তী শুনানীর তারিখ নির্ধারিত হয় এবং ০২ টি অভিযোগ খারিজ করে দেওয়া হয়।

শুনানীতে অংশ নেন মাননীয় প্রধান তথ্য কমিশনার জনাব মরতুজা আহমদ এবং তথ্য কমিশনার জনাব নেপাল চন্দ্র সরকার।



নিষ্পত্তিকৃত অভিযোগগুলো হচ্ছে লক্ষ্মীপুর চন্দ্রগঞ্জ খানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওিসি), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের উপ-পরিচালক (প্রশাসন), ঢাকার ধামরাই ইউনিয়ন পরিষদের সচিব, নীলফামারীর কাস্টমস, এক্সসাইজ ও ভ্যাট সৈয়দপুর সার্কেলের রাজস্ব কর্মকর্তা, গাইবান্ধা পৌরসভার নির্বাহী প্রকৌশলী, গাইবান্ধা সদর উপজেলার উপজেলা নির্বাহী কর্মকর্তা, বরিশাল সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা এবং পল্লী বিদ্যুতায়ন বোর্ডের পরিচালকের (জনসংযোগ) বিরুদ্ধে আনিত অভিযোগ। শুনানীতে আবেদনকারীদের প্রার্থিত তথ্য নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদানের নির্দেশ দেওয়া হয়।

অন্যদিকে ভূমি মন্ত্রণালয়ের উপ-সচিবে বিরুদ্ধে আনিত অভিযোগের পরবর্তী শুনানীর দিন ধার্য করা হয়।

মেহেরপুর পুলিশ সুপার কার্যালয়ের অতিরিক্ত পুলিশ সুপার এবং হবিগঞ্জের আজমিরিগঞ্জ ইউনিয়ন পরিষদের সচিবের বিরুদ্ধে আনিত অভিযোগ থারিজ করে দেওয়া হয়।

শ্বাক্ষরিতঃ –
১৫ – ০৪ – ২০১৮
(লিটন কুমার প্রামাণিক)
জনসংযোগ কর্মকর্তা
তথ্য কমিশন
ফোন-৯১৩৭৩৩২
মোঃ ০১৭১০ – ৪৩৭২৬৬

E-mail: pro@infocom.gov.bd